



মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
বগুড়া জেলা কার্যালয়



স্মারক : ১৬.০১.১০০০.০২২.১১.০০৮.২০.৯১৫

তারিখ : ০৬ নভেম্বর ২০২৩ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া জেলা কার্যালয় কর্তৃক বাস্তবায়নধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম(৭ম পর্যায়) প্রকল্পেরশীর্ষক আওতায় বগুড়া জেলার সমস্ত অস্থায়ীভাবে ২০২৩ শিক্ষাবর্ষে ১২ উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে প্রাক প্রাথমিক/সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের শূন্য পদে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ১। যে সকল উপজেলায় কেন্দ্র শূন্য নাই, সে সকল উপজেলায় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।
- ২। প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ক্বারীমানাসহ কমপক্ষে ২য় শ্রেণির এস.এস.সি/ দাখিল/কওমী মাদ্রাসার ২য় শ্রেণির শরহে বেকায়্যা/সমমানের পাস হতে হবে। আবেদনকারীকে পবিত্র কুরআন শরীফ পাঠদানে পারদর্শী হতে হবে।
- ৩। সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির দাখিল/ শরহে বেকায়্যা/সমমানের পাস হতে হবে। তবে সাধারণ শিক্ষায় শিক্ষিত (কমপক্ষে এসএসসি পাস) হাফেজ/মসজিদের ইমাম-মুয়াজ্জিন আবেদন করতে পারবেন। ইমাম-মুয়াজ্জিন ব্যতীত সাধারণ শিক্ষায় শিক্ষিত নারী-পুরুষ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক হতে পারবেন না।
- ৪। শিক্ষক পদে আবেদনকারীর বয়স ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে।
- ৫। কেন্দ্র শিক্ষকের মাসিক বেতন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং তিনি বছরে মাসিক বেতনের সমপরিমান ২টি উৎসাহ ভাতা প্রাপ্য হবেন।
- ৬। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, জাতীয়তা, ধর্ম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, অভিজ্ঞতা, কেন্দ্রের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৭। আবেদনপত্রের নমুনা কপি ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.islamicfoundation.gov.bd) পাওয়া যাবে।
- ৮। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, ০২(দুই) কপি সদ্য তোলা পার্সপোট সাইজের সত্যায়িত ছবি, চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৯। সরকারী/সরকারী অনুদানপুষ্ট কোন প্রতিষ্ঠানে আংশিক/পূর্ণভাবে চাকরীতে নিযুক্ত থাকলে শিক্ষক পদে আবেদন করা যাবে না।
- ১০। আবেদনকারী যে কেন্দ্রের শিক্ষক হতে ইচ্ছুক সেই কেন্দ্রের নাম এবং শিক্ষার্থীদের তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য ০৪ হতে ০৫ প্রাস বছর বয়সের ৩০ জন শিক্ষার্থী এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য ৬ হতে ১০ বছর বয়সের ৩৫ জন শিক্ষার্থীর তালিকা দিতে হবে।
- ১১। আবেদনকারীর বাসস্থান/বাড়ি তার কেন্দ্র এলাকার ৫০০ মিটারের মধ্যে হতে হবে।
- ১২। প্রার্থী বিতর্কিত কোন রাজনৈতিক দল/গোষ্ঠী বা কোন জঙ্গী গ্রুপের সাথে জড়িত নন এমর্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের প্রত্যয়ন থাকতে হবে।
- ১৩। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে তার সম্পর্কে মসজিদ কমিটি/কমিউনিটির লিখিত প্রত্যয়ন/অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- ১৪। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য প্রদান করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৫। আগামী ২২ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ে উপ পরিচালক ইসলামিক ফাউন্ডেশন ভাইপাঙ্গলা মাজার কমপ্লেক্স, ঠনঠনিয়া, বগুড়া, বরাবর আবেদন পত্র জমা দিতে হবে। প্রকল্প কার্যালয়ে কোন আবেদনপত্র জমা/প্রেরন করা যাবে না।
- ১৬। উপজেলা ওয়ারী শূন্য কেন্দ্রের সংখ্যা নিম্নে ছকে উল্লেখ করা হলো-

ক্রম	উপজেলার নাম	শূন্য			মন্তব্য
		প্রাক প্রাথমিক	সহজ কুরআন শিক্ষা	সর্বমোট	
০১	বগুড়া সদর	০৭	০৬	১৩	
০২	গাবতলী	০২	০৪	০৬	
০৩	শিবগঞ্জ	০১	০৭	০৮	
০৪	সারিয়াকান্দি	০৩	০৪	০৭	
০৫	কাহালু	০১	০২	০৩	
০৬	সোনাতলা	০২	০১	০৩	
০৭	ধুনট	০২	০৪	০৬	
০৮	শেরপুর	০০	০৩	০৩	
০৯	শাজাবানপুর	০০	০৮	০৮	
১০	নন্দীগ্রাম	০১	০২	০৩	
১১	দুপচাঁচিয়া	০২	০৪	০৬	
১২	আদমদিঘী	০২	০৪	০৬	
	সর্বমোট=	২৩	৪৫	৬৮	


(এ.বি.এম গোলাম সরওয়ার)
উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া।